6

ভোরের কাগজ

তারিখ DEC 13 1999
পৃষ্ঠা ১২ কলাম ৫

# রাষ্ট্রপতির সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদলের সাক্ষাৎ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেটের ১২ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল রোববার বঙ্গভবনে রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদের সঙ্গে সাক্ষাৎ করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এ কে আজাদ চৌধুরী প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

প্রতিনিধিদলের সদস্যরা রাষ্ট্রপতিকে বিশ্ববিদ্যালয়ের আসন্ন সমাবর্তনের প্রস্তুতি সম্পর্কে অবহিত করেন। আগামী ১৮ নভেম্বর স্বাধীনতাউত্তর ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদ সমাবর্তন অনুষ্ঠান আয়োজনের প্রশংসা করে বলেন, নিয়মিত সমাবর্তন অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের শান্তিপূর্ণ শিক্ষার পরিবেশ এবং শিক্ষার মান পুনরুদ্ধারে সহায়তা করবে। উপাচার্য রাষ্ট্রপতিকে সমাবর্তনের উদ্বোধন করার জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান। বাসস।